মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয় ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে ১৯-০৩-২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক এর নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রিয়ার এডমিরাল শেখ মোঃ আবুল কালাম আজাদ, বিএন, চেয়ারম্যান।
তারিখ ঃ ১৯-০৩-২০২০ খ্রিঃ।
সময় ঃ ১০.০০ ঘটিকা।
স্থান ঃ মবক এর সভাকক্ষ।

১৯-০৩-২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মবক'র সভাকক্ষে রিয়ার এডমিরাল শেখ মোঃ আবুল কালাম আজাদ, বিএন, চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে উপস্থিত সকলের উদ্দেশে সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের প্রেক্ষাপট, গুরুত্ব এবং বিভাগ ভিত্তিক দায়িত্ব সম্পর্কে আলোকপাত করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার কার্যপত্র অনুযায়ী আলোচনা করেন।

আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত:-

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	কোন সংশোধনী ছাড়াইগত সভার কার্যবিবরণী অনুমোদন হয়।	সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন) এবং সকল বিভাগীয় প্রধান
২.	নৈতিকতা কমিটির সভা।	প্রতি ০৩ মাস অন্তর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির সভা মাসের ৩য় সপ্তাহে এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত সভা প্রতিবছর জুন মাসের ৩য় সপ্তাহে রবিবার চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে নিয়মিত সভা অনুষ্ঠান করা হয়।	যথাসময়ে বর্ণিত সভা ০২(দুই)টি অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৩.	অংশীজনের (Stakeholder) অংশগ্রহণ সভা।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে দক্ষতা ও নৈতিকতা উন্নয়নের জন্য বন্দর ব্যবহারকারীদের সাথে প্রতিমাসে সভা অনুষ্ঠান করা হয়। বন্দর ব্যবহারকারীদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত কতটুকু বাস্তবায়িত হয়েছে তা পরবর্তী নৈতিকতা সভায় অবহিত করার জন্য আলোচনা হয়।	সিদ্ধান্ত অনুযায়ী সভা অনুষ্ঠানের প্রমাণকসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে।	পরিচালক (ট্রাফিক)
৪.	গৃহ নির্মাণ ঋণ নীতিমালা-২০১৯ প্রণয়ন প্রসঙ্গে।	গৃহ নির্মাণ ঋণ নীতিমালা-২০১৯, মবক'র ২৭০তম বোর্ড সভায় অনুমোদনের প্রেক্ষিতে গত ১৮-০৩-২০২০ তারিখে নৌপমে প্রেরণ করা হয়েছে।	মন্ত্রণালয়ে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিচালক (প্রশাসন)
৫.	হজ্জ নীতিমালা-২০১৯ প্রণয়ন প্রসঙ্গে।	হজ্জ নীতিমালা-২০১৯, মবক'র ২৭০তম বোর্ড সভায় অনুমোদনের প্রেক্ষিতে গত ১৮-০৩-২০২০ তারিখে নৌপমে প্রেরণ করা হয়েছে।	মন্ত্রণালয়ে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিচালক (প্রশাসন)
৬.	উত্তমচর্চা তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ।	গত ১২-০৩-২০১৯ তারিখে নৌপমে প্রেরণ করা হয়েছে। উক্ত তালিকা হালনাগাদ করে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	উত্তম চর্চার তালিকা হালনাগাদ করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৭.	এডিপি বাস্তবায়ন অগ্রগতি।	মোংলা বন্দর কর্তৃপক্ষের এডিপি বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে এবং জাতীয় শুদ্ধাচারের লক্ষ্যমাত্রার সাথে মিল রেখে বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে চেয়ারম্যান মহোদয়কে নিয়মিত অবহিত করতে হবে।	প্রতি ০৩ মাস অন্তর প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং এডিপির অগ্রগতির প্রতিবেদন চেয়ারম্যান এবং সকল সদস্য বরাবর প্রেরণ করতে হবে।	পরিকল্পনা প্রধান এবং প্রকল্প পরিচালকগণ
৮.	প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষন অগ্রগতি প্রতিবেদন।	মবক এর উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য কমিটি গঠনের প্রস্তাব চেয়ারম্যান মহোদয়ের নিকট প্রেরণ করতে হবে।	দ্রুত কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা প্রধান
৯.	প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন।	পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের অগ্রগতি প্রতিবেদন সদস্য (হাঃওমেঃ) বরাবর প্রতিমাসে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের অগ্রগতি প্রতিবেদন সদস্য (হাঃওমেঃ) বরাবর প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালকগণ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১০.	সিটিজেনস চার্টার প্রণয়ন ও বাস্তবায়ন।	সিটিজেনস চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য সিটিজেনস চার্টার বোর্ড আপডেটের ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়।	সিটিজেনস চার্টার হালনাগাদ করে সিটিজেনস চার্টার বোর্ড প্রদর্শন করতে হবে।	উপসচিব (বোর্ড ও জনসংযোগ)
১১.	বিভাগ/শাখা পরিদর্শন।	স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে পরিদর্শনের ফরমেট তৈরী, উক্ত ফরমেট অনুযায়ী প্রতিমাসের শেষ সপ্তাহে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে।	পরিচালক (প্রশাসন), হারবার মাস্টার এবং প্রধান প্রকৌশলী পরিদর্শন ফরমেট তৈরি করবেন।	পরিচালক (প্রশাসন), হারবার মাস্টার এবং প্রধান প্রকৌশলী
১২.	সচিবালয়ের নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ।	প্রত্যেক বিভাগের নথিসমূহ সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী শ্রেণি বিন্যাস এবং নথিসমূহ কম্পিউটারাইজ করতে হবে মর্মে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রত্যেক বিভাগীয় প্রধান আগামী সভায় এ বিষয়ে অগ্রগতি সম্পর্কে অবহিত করবেন।	সকল বিভাগীয়/ কোষ প্রধান
১৩.	দুর্নীতির সম্ভাব্য ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ।	সকল বিভাগীয়/কোষ প্রধান কর্তৃক দুর্নীতির সম্ভাব্য ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং প্রতিকারের সম্ভাব্য উপায় চিহ্নিত করে সদস্য (হাঃ ও মেঃ) বরাবর প্রেরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	দুর্নীতির সম্ভাব্য ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং প্রতিকারের সম্ভাব্য উপায় চিহ্নিত করে সদস্য (হাঃ ও মেঃ) বরাবর প্রতিবেদন দিতে হবে।	সকল বিভাগীয়/ কোষ প্রধান
১৪.	ডিপিপি প্রণয়ন প্রসঙ্গে।	সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ডিপিপি চূড়ান্ত পর্যায়ে যাওয়ার আগে সকল সদস্য ও চেয়ারম্যান মহোদয়কে অবহিত করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ডিপিপি চূড়ান্ত পর্যায়ে যাওয়ার আগে সকল সদস্য ও চেয়ারম্যান মহোদয়কে অবহিত করতে হবে।	পরিকল্পনা প্রধান
১৫.	শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি গঠন।	সভায় চেয়ারম্যান মহোদয় শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি গঠন সম্পর্কে আলোচনা করেন এবং সকলের সহিত আলোচনাপূর্বক নীতিমালা ২০১৭ এর আলোকে নিম্নবর্ণিত কর্মকর্তার সমন্বয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:- কমিটি:- ১। চেয়ারম্যান – আহবায়ক ২। সকল সদস্য – সদস্য ৩। পরিচালক (প্রশাসন) – সদস্য-সচিব। এছাড়া এ বিষয়ে পরবর্তীতে সাব কমিটি গঠনের প্রস্তাব প্রেরণ করতে হবে।	সিদ্ধান্ত অনুযায়ী কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	গঠিত কমিটি

পরিশেষে সভাপতি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, শুদ্ধাচারের নির্দেশকসমূহ অনুসরণ এবং সেবা গ্রহীতাদের সেবা প্রদান নিশ্চিত করতে সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তির ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ০৪-০৪-২০২০
রিয়ার এডমিরাল শেখ মোঃ আবুল কালাম আজাদ, বিএন
চেয়ারম্যান

নং ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪.২০১৯- 					০৪.০৪.২০২০ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান ঃ

.... মবক, মোংলা।

অনুলিপি ঃ

১। সদস্য ( ), মবক, মোংলা।
২। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

স্বাক্ষরিত/ ০৪-০৪-২০২০
মোঃ গিয়াস উদ্দিন (উপসচিব)
পরিচালক (প্রশাসন)